উপজেলা পরিষদ কার্যালয়
পাংশা, রাজবাড়ী।
পাংশা উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ ফরিদ হাসান (ওদুদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম, পাংশা, রাজবাড়ী।

তারিখঃ- ১০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ। সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা ।

উপস্থিতিঃ রেজিষ্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি বলেন, করোনা মহামারী নিয়ন্ত্রণে ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে । তিনি সকলকে ভ্যাকসিন গ্রহন করার জন্য অনুরোধ জানান। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ীকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় এবং বিভিন্ন বিভাগের কার্যক্রম তুলে ধরার জন্য সকল কর্মকর্তাকে আহবান জানান। বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্লোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা সভাকে জানান যে, পাংশা উপজেলায় মোট ২৫৬২ জন ব্যক্তি কোভিড -১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন । তাদের মধ্যে এ পর্যন্ত ২০ জনের মৃত্যু হয়েছে । এ মহামারির সময়ে সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। তিনি সকলকে ভ্যাকসিন গ্রহনের জন্য অনুরোধ জানান। এছাড়া এনসিডি রোগের পর্যাপ্ত চিকিৎসা নেয়ার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাংশা । |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা সভাকে জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী। |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, পাংশা জানান যে, পাংশা উপজেলায় গম আবাদের লক্ষ্য মাত্রা ছিল ১৬৮০ হেঃ জমি কিন্তু অর্জিত হয়েছে ১৫০০ হেঃ, পেয়াজ চাষের লক্ষ্যমাত্রা ছিল ৮৮৬০ হেক্টর, অর্জিত হয়েছে ১০৩৮৮ হেক্টর এবং সবজি চাষের লক্ষ্যমাত্রা ছিল ৭৫০ হেক্টর, অর্জিত হয়েছে ৮২৫ হেক্টর । মাঠে বর্তমান ফসলের অবস্থা ভালো। পেট্রোলিয়ামজাত দ্রব্যাদির মজুদ পরিস্থিতি সন্তোষজনক। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষি বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, পাংশা। |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাংশা জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরও ভেটেরিনারি হাসপাতাল, পাংশা রাজবাড়ী এর বিভাগীয় সম্প্রসারণ কাজ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। মাঠ পর্যায়ে তেমন কোন সমস্যা নেই। জায়গা বিশেষ কিছু এলাকায় এল,এস,ডি রোগের প্রর্দুভাব দেখা যাচ্ছে। এ ব্যাপারে উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতামূলক পরামর্শ প্রদানপূর্বক খামারীদেরকে গবাদি প্রাণির বাসস্থানসহ চারিপার্শ্বে প্রতি সপ্তাহে ১বার করে জীবানুনাশক স্প্রে করে জীবানুমুক্ত রাখার কথা বলা হচ্ছে। শীত মৌসুমে গবাদিপশুর রোগ প্রতিরোধে ভ্যাকশিনেশন ও ডিওয়ারমিং ক্যাম্পেইন আরম্ভ হয়েছে। যে কোন পরামর্শের জন্য মাঠ পর্যায়ে কর্মকর্তা অথবা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তরে যোগাযোগের জন্য বলা হয়েছে। কৃত্রিম | প্রাণিসম্পদ বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাংশা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রজনন, চিকিৎসা সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, পাংশা সভাকে জানান যে, উপজেলা মৎস্য দপ্তর পাংশা, রাজবাড়ী এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, পাংশা। |
| ০৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাংশা এর কার্যালয়ের প্রকৌশলী জানান যে, টি আর,কাবিখা প্রকল্পের ২য় পর্যায়ের কার্যক্রম চলমান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক । | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাংশা। |
| ০৭ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম ,পল্লী বিদ্যুৎ সমিতি,পাংশা, রাজবাড়ী জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। ইদানিং বৈদ্যুতিক লাইন থেকে ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটছে। কালুখালি ও বালিয়াকান্দি উপজেলায় বেশ কিছু দিন যাবৎ চুরির ঘটনা ঘটছে। পাংশা উপজেলায় চুরি ছিলনা। ট্রান্সফরমার চুরির ফলে সরকারি সম্পদ অপচয় হওয়ার পাশাপাশি গ্রাহক হয়রানীর স্বীকার হচ্ছেন। তিনি এ বিষয়ে সকল ইউপি চেয়াম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। | যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, পাংশাকে অনুরোধ করা হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ০৮ | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), পাংশা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), পাংশাকে অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী (ওজো পাডিকো) |
| ০৯ | পল্লী উন্নয়ন বিভাগ | করোনা ভাইরাসের কারণে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কার্যক্রম চালানো হচ্ছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাংশা। |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, পাংশা জানান যে, কোভিড -১৯ এর কারনে বর্তমানে সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। শিক্ষকগন অনলাইনে পাঠদান চলমান রেখেছেন। তাছাড়া শিক্ষকগন হোম ভিজিট এর মাধ্যমে ছাত্র/ছাত্রীদের খোজ খবর রাখছেন। বাংলাদেশ টেলিভিশনে “এসো ঘরে বসে শিখি” কার্যক্রমের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের পাঠদান পর্যবেক্ষন চলছে । প্রধান শিক্ষকগনকে বিদ্যালয়ের পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রাখতে বলা হয়েছে যাহাতে যে কোন সময় বিদ্যালয় খুললে স্বাস্থ্য সম্মতভাবে বিদ্যালয় পরিচালনা করা যায়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য উপজেলা শিক্ষা অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, পাংশা। |
| ১১ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাংশা জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো( ব্যানবেইস) কর্তৃক প্রকল্পের ২য় পর্যায় ১৬০টি উপজেলায় আই.সি.টি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন স্থাপনে( ভবন নির্মানে) ঠিকাদারী প্রতিষ্ঠান ইতোমধ্যে পাংশা উপজেলার সাইট পরিদর্শন সম্পন্ন করেছে। ব্যানবেইস কর্তৃক গত ১০-১৫ জানুয়ারী ২০২২ইং তারিখের মধ্যে নির্মান কাজ শুরু করবে এই মর্মে নির্দেশনা ছিল। নির্ধারিত ভবন নির্মাণের স্থানটি(ভূমি) নিচু আছে বলে মন্তব্য করে অদ্যবধি নির্মান কাজ শুরু করছে না। এ বিষয়ে তিনি ব্যানবেইস ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে সেলফোনে একাধিকবার কাজ শুরু করার জন্য তাগিদ দেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পরিষদের প্রতি অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | আইসিটি ট্রেনিং ল্যাব এবং সাইবার সেন্টার সহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পাংশ ও উপজেলা নির্বাহী অফিসার, পাংশা |
| ১২ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, পাংশা সভাকে জানান যে, করোনা ভাইরাসের কারণে সামাজিক নিরাপত্তা বেস্টনীর কাজ স্বাস্থ্য বিধি মেনে করা হচ্ছে। ২০২০-২১ অর্থবছরের বয়স্ক ,বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধি ভাতার কাজ শেষ হয়েছে। প্রতিবন্ধী জরিপ কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে তদারকির জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, পাংশা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পাংশা জানান যে, পাংশা উপজেলার ৪টি কেপিআই গার্ডে মোট ১৮ জন সাধারণ আনসার মোতায়েন আছে। স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৯০টি ভোটকেন্দ্রে ১৫৩০ জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিল। ২০২১-২২অর্থ বছরে বিভিন্ন কারিগরি প্রশিক্ষনে পাংশা উপজেলার ২০ জন, অস্ত্রছাড়া গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণে ৬৪ জন এবং ৫টি ধাপে অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে ৭০ জন ভিডিপি সদস্য- সদস্যা প্রশিক্ষণ গ্রহন করেছে। পাংশা উপজেলায় ১১৫ জনের ০১টি উপজেলা কোম্পানী, ৩২ জনের ০১টি মহিলা আনসার প্লাটুন, ১০ টি ইউনিয়নের প্রতিটি ইউনিয়নে ৩২ জন করে ১০টি ইউনিয়ন আনসার প্লাটুন আছে। সম্প্রতি Usaid& Netherland এর কারিগরি সহয়তায় Global Foods & Beverage Ltd কর্তৃক গৃহীত Global G.A.P(Good Agricultural Practices) পাইলট প্রকল্পে পাংশা উপজেলার ১০০ জন ভিডিপি সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার ফলে এই এলাকার ভিডিপি সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে । | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা আনসাার ও ভিডিপি অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পাংশা। |
| ১৪ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাংশা জানান যে, এ কার্যালয় হতে ২০২১-২২অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক কোর্সে ৪২০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০২১-২২অর্থবছরে ৯০ জনকে ২৯,৮ ০,০০০/- ঋণ বিতরণ করা হয়েছে। এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে-৪৮,৬৮,৫,০০০/-। চলতি মাসে আদায়ের হার ৯১%। ক্রমপুঞ্জিভুত আদায়ের হার ৯৮% । অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাংশা |
| ১৫ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হয় | উপজেলা পরিসংখ্যান অফিসার পাংশা। |
| ১৬ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, পাংশা জানান যে, পাংশা উপজেলার সমবায় সমিতিসমূহ নিয়মিত অডিট করা হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সমবায় সমিতিসমূহ অডিটের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, পাংশা। |
| ১৭ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাংশা এর প্রতিনিধি জানান যে, উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাংশা। |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাংশা জানান যে, পাংশা উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবরের জন্য ( ৩য় পর্যায়) নির্মিত ঘরে ২১টি পনির উৎসের চাহিদা প্রেরণ করা হয়েছে। " সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি ভিত্তিক পানির উৎসের বরাদ্দ পাওয়া গেছে। ১টি আনুমানিক (৩-৫) কি: মি: রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম এর বরাদ্দ পাওয়া গেছে। "পানি সরবরাহে অর্সেনিক ঝুঁকি নিরসন" প্রকল্পের আওতায় পানিতে অর্সেনিক পরীক্ষার কাজ চলমান রয়েছে। এছাড়া " মনব সম্পদ উন্নয়নে প্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি শীর্ষক প্রকল্পের" আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের স্মল স্কীমের ২০টি পানির উৎসের বরাদ্দ পাওয়া গেছে এবং ২টি পাবলিক টয়লেট এবং ৯টি হ্যান্ড ওয়াশ বেসিনের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান যে, এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাংশা, রাজবাড়ীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাংশা |
| ১৯ | বিএডিসি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), জানান যে, বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (৪র্থ পর্যায়) এর অধীনে পাংশা উপজেলায় বিভিন্ন সেচ উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়নে উপজেলা পরিষদের সহায়তা প্রয়োজন। তিনি আরও জানান যে, | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনার জন্য উপ-সহকারী | উপ-সহকারী প্রকৌশলী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলার বিভিন্ন স্থানে সরকারী অর্থায়নে বিএডিসি কর্তৃক পরিচালিত গভীর নলকূপ স্কীমসমূহে ও স্কীমের বাহিরে অবৈধভাবে গভীর/ অগভীর নলকূপ স্থাপন করে সেচ কার্যক্রম চালাচ্ছে ফলে বিএডিসি কর্তৃক পরিচালিত স্কীমসমূহ বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। এ সমস্ত অবৈধ নলকুপ উচ্ছেদের ব্যপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | প্রকৌশলী, বিএডিসি(সেচ), পাংশাকে অনুরোধ করা হয়। | বিএডিসি (সেচ), পাংশা। |
| ২০ | বিএডিসি (খামার) | সিনিয়র সহকারী পরিচালক, বীজ উৎপাদন খামার জানান যে, কার্যক্রম স্বাভাবিক। | খামারের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য সহকারী পরিচালক, বীজ উৎপাদন খামার, পাংশাকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, বীজ উৎপাদন খামার, পাংশা, রাজবাড়ী। |
| ২১ | শিক্ষা প্রকৌশল বিভাগ | উপ- সহকারী প্রকৌশলী(শিক্ষা) জানান যে,উপজেলার কয়েকটি স্কুল ও কলেজের ভবনের নির্মান কাজ চলমান ও শিক্ষা প্রকৌশল বিভাগের কার্যক্রম করোনা ভাইরাসের কারণে স্বাস্থ্যবিধি মেনে করা হচ্ছে। | উপ- সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ,পাংশাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ |
| ২২ | পল্লী দারিদ্র বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, পাংশা জানান যে, কোভিড -১৯ রোগের কারণে উপজেলা পল্লী দারিদ্র বিমোচন বিভাগের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে করা হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আদায়ের হার ৯৫%। তিনি তার অফিসে পানির সু- ব্যবস্থা করার জন্য উপজেলা পরিষদের প্রতি অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, পাংশা। |
| ২৩ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য বান্ধব ও ভিজিডি কার্যক্রম চলমান আছে। অফিসে ২টি রুম বরাদ্দ থাকলেও ৪ জন স্টাফের জন্য কোন ওয়াশরুমের ব্যবস্থা নেই। একটি ওয়াশরুমের ব্যবস্থা করার জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ পাংশা ও উপজেলা নির্বাহী অফিসার,পাংশাকে অনুরোধ জানান। তিনি বলেন পৌরসভায় ও এম এস কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পাংশাকে অনুরোধ করা হয় । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পাংশা। |
| ২৪ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা পাংশা, রাজবাড়ী জানান যে, পাংশা উপজেলায় বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য উপজেলা বন কর্মকর্তা, পাংশাকে অনুরোধ করা হয় এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পাংশাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, পাংশা ও উপজেলা নির্বাহী অফিসার, পাংশা। |
| ২৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার জানান, করোনাকালে ক্ষতিগ্রস্থ দরিদ্র জনগোষ্ঠীকে স্বল্প সূদে বিতরণের নিমিত্ত ৫৬ লক্ষ টাকা ঋণ তহবিল পাওয়া গেছে যা বিতরণের কার্যক্রম চলমান। ইতোপুর্বে প্রাপ্ত ৫৬ লক্ষ টাকা ঋণ বিতরণের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য সিনিয়র অফিসার পল্লী সঞ্চয় ব্যাংক , পাংশা শাখাকে অনুরোধ করা হয় | সিনিয়র অফিসার পল্লী সঞ্চয় ব্যাংক , পাংশা |
| ২৬ | তথ্য সেবা কেন্দ্র পাংশা | তথ্য সেবা কর্মকর্তা পাংশা জানান যে, তথ্য আপা প্রকল্প ( ২য় পর্যায়) এর তথ্য কেন্দ্র পাংশা, রাজবাড়ীতে অনলাইন মার্কেট প্লেস লাল সবুজ ডট কম এ নারী উদ্যোক্তাদের উৎপাদিত পন্য বিক্রয়ের জন্য আপলোড করা হচ্ছে। এ ছাড়া অন্যান্য সকল সেবা চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য তথ্য অফিসার, তথ্য সেবা কেন্দ্র পাংশাকে অনুরোধ করা হয় | তথ্য সেবা কর্মকর্তা পাংশা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় নিম্নরুপ বরাদ্দ পাওয়া গিয়াছে ঃ-<br><br>(ক) এডিপি ১ম কিস্তি = ২২,৫১,০০০x৪ = ৯০,০৪,০০০.০০<br>(খ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব)= ১,২৫,৭৮,৩৭৫.০০<br><br>তিনি জানান উপরোক্ত বরাদ্দের সহিত সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট সকলের নিকট থেকে প্রাপ্ত স্কীমসমূহ উপজেলা যাচাই বাছাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত স্কীম সমূহ উপস্থাপন করেন। যাহা অনুমোদন হলে স্কীমগুলি বাস্তবায়নের জন্য দরপত্র আহবান ও পিআইসি এর মাধ্যমে সরেজমিনে বাস্তবায়ন করা যেতে পারে। ২০২১-২০২২ অর্থ বছরের মধ্যে সমূদয় বরাদ্দের অনুকূলে মাঠ পর্যায়ের কাজ সরেজমিনে বাস্তবায়ন করে ব্যয় করার জন্য বাধ্যবাধকতা রয়েছে। ফলে জরুরীভাবে পিপিআর-২০০৮ মোতাবেক দরপত্র আহবান/আরএফ কিউ/পি.আই.সি এর মাধ্যমে স্কীমসমূহ বাস্তবায়ন করা যেতে পারে। কিছু কিছু প্রকল্প বর্ষাকাল আসন্ন হওয়ায় এবং দ্রুত কাজগুলো বাস্তবায়নের স্বার্থে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। | উপজেলা প্রকৌশলী, পাংশা, রাজবাড়ীর উপথাপিত সার্বিক বিষয় বিবেচনা করিয়া বর্ণিত স্কীমসমূহ জরুরী ভিত্তিতে পিপিআর-২০০৮ মোতাবেক ইজিপি দরপত্রের মাধ্যমে/আর এফ কিউ ও পিআইসি এর মাধ্যমে কাজ বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল। | উপজেলা প্রকৌশলী, পাংশা |

প্রকল্পের বিবরণ ঃ

| ক্রমিক নং | স্কীম/কাজের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|
| **টেন্ডারের মাধ্যমে গৃহীত এডিপি প্রকল্পের বিবরণ ঃ** | | |
| ১। | (ক) বাহাদুরপুর ইউয়িনের বকশিপুর পাকা রাস্তা হইতে আলীর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করণ। (৭৫২০০০.০০টাকা)(খ) বাহাদুরপুর ইউয়িনের তারাপুর গোরস্থানের গেইট নির্মান ও বাওন্ডারী ওয়াল নির্মান।(৪৪৮০০০.০০টাকা) (গ) হাবাসপুর ইউনিয়নের কাচারীপাড়া বাজার হতে মান্নান মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(৫৪১০০০.০০টাকা) (ঘ) হাবাসপুর ইউনিয়নের চরআফরা দক্ষিনপাড়া আজাদের দোকান হইতে গোরস্থান পর্যন্ত ইটের ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৬৫৯০০০.০০টাকা) | ২৪০০০০০.০০ |
| ২। | (ক) যশাই ইউনিয়নের সমসপুর এলজিইডির রাস্তায় আঃ রশিদ শেখের বাড়ি হতে ইসহাক মাষ্টারের বাড়িমূখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৫০০০০০.০০টাকা) (খ) যশাই ইউনিয়নের কাঞ্চনপুন ইমান শেখের বাড়ি হতে মাঠের দিঘী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(২০০০০০.০০টাকা) (গ) যশাই ইউনিয়নের ভাউভাংগা খবির সর্দারের বাড়ি হতে আবেদ আলীর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৫০০০০০.০০টাকা) (ঘ) বাবুপাড়া ইউনিয়নের সুজানগর দেওয়ানের বাড়ী হইতে ভুরকুলিয়া নজরুলের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(১২০০০০০.০০টাকা) | ২৪০০০০০.০০ |
| ৩। | কলিমহর ইউনিয়নের চরসাঁইজুরিয়া লুৎফরের দোকানের পাকা রাস্তা হইতে টুকু মালের বাড়ীর ব্রীজ পর্যন্ত ১৫০ মিটার কাঁচা রাস্তাটি পাকা করন। | ৩০০০০০.০০ |
| **আরএফকিউ এর মাধ্যমে গৃহীত এডিপি প্রকল্পের বিবরণ ঃ** | | |
| ১। | উপজেলা পরিষদ ভবনের পিছনে হতে হাসপাতাল রাস্তা সংযোগ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন। | ১০০০০০০.০০ |
| ২। | পাংশা উপজেলায় শিক্ষার সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ছাত্র/ছাত্রীদের বসার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ। | ১০০০০০০.০০ |
| ৩। | উপজেলা পরিষদ অভ্যন্তরে পুকুরের পাড় ভাঙ্গন রোধে পশ্চিম ও দক্ষিন পাড়ে প্যালাসাইডিং কাজ বাস্তবায়ন। | ৮৮০০০০.০০ |
| ৪। | উপজেলা পরিষদ অভ্যন্তরে পুকুরের পাড় ভাঙ্গন রোধে পুকুরের পূর্ব ও উত্তর পাড়ে প্যালাসাইডিং কাজ বাস্তবায়ন। | ৮২৬৯২৯.০০ |
| **পিআইসির মাধ্যমে গৃহীত এডিপি প্রকল্পের বিবরণ ঃ** | | |
| ১। | পাংসা উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীর কর্মজীবি মহিলাদের মাঝে সেলাই মেশিন ও হুইল চেয়ার বিতরন। | ২০০০০০.০০ |
| ২। | পাংসা উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীর মৎর্সজীবিদের মাঝে মাছের জাল বিতরন | ২০০০০০.০০ |
| ৩। | উপজেলা পরিষদ হইতে শিল্পকলা পর্যন্ত ড্রেনের সংযোগ স্থল টিএনটি হতে শিল্পকলা লিংক রোডের উপরে কালভার্ট নির্মান। | ২০০০০০.০০ |
| ৪। | আনুসাংগিক ব্যয় ০.৫০% | ৪৫০২০.০০ |
| | এডিপি সর্বমোট টাকা= | ৯৪,৫১,৯৪৯.০০ |
| **টেন্ডারের মাধ্যমে গৃহীত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল** | | |
| ১। | (ক) মাছপাড়া ইউনিয়নের রামকোল বাহাদুরপুর সুলতান মোড় হতে ফাইমার বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৫৫০০০০.০০টাকা) (খ) মাছপাড়া ইউনিয়নের মথুরাপুর মেইন রোড হতে প্রদীপের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(৬৫০০০০.০০টাকা) (গ) কলিমহর ইউনিয়নের মাশালিয়া মসজিদ হতে সোহাই এর বাড়ী মুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(১১১০০০.০০টাকা) (ঘ) কলিমহর ইউনিয়নের বসাকুষ্টিয়া বাজার হতে শুকমার এর | ২৪০০০০০.০০ |

| | | |
|---|---|---|
| | বাড়ী মুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(১০৮৯০০০.০০টাকা) | |

| ক্রমিক নং | স্কীম/কাজের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|
| ২। | (ক) জীবননালা পীরবাড়ী মাদ্রাসা হইতে হরিনাডাঙ্গা সাত্তারের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(৭০০০০০.০০টাকা) (খ) পূর্ববাগদুলি কিয়ামদ্দিনের বাড়ী হইতে চন্দ্রা নদীর ব্রীজ পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(৫০০০০০.০০টাকা) (গ) ভাতশালা দক্ষিনপাড়া জামে মসজিদ হইতে সিরাজ বিশ্বাসের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৭০০০০০.০০টাকা) (ঘ) সুবর্নকোলা ভূমিহীন পাড়া তিন রাস্তার মোড় হইতে লুৎফর রহমান এর সড়ক পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(৫০০০০০.০০টাকা) | ২৪০০০০০.০০ |
| ৩। | (ক) পাট্টা সনজিৎ শিকদারের বাড়ী হতে কেছমতের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৩১২০০০.০০টাকা) (খ) আশুরহাট বাদশা মোল্লার বাড়ী হইতে জাগিরকয়া রহিম কাজীর বাড়ী মুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। (৮৮৮০০০.০০টাকা) (গ) পালেরডাঙ্গা দফাদারের মোড় হইতে গফুর মোহরির বাড়ী মুখী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(৯৮২০০০.০০টাকা) (ঘ) কারীগরপাড়া মসজিদ থেকে মধ্যপাড়া এইচবিবি পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন।(২১৮০০০.০০টাকা) | ২৪০০০০০.০০ |
| ৪। | পাংশা-সেনগ্রাম রাস্তা হইতে লক্ষীপুর প্রাইমারী স্কুল সংলগ্ন কাদিপাড়া রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ৬৩৭৭৫০.০০ |
| ৫। | বাহাদুরপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডে পাটিকাবাড়ী খন্দকারপাড়া জামে মসজিদ সংস্কার। | ২০০০০০.০০ |
| **আরএফকিউ এর মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল** | | |
| ১। | অংশ-১ বর্ষাকালে উপজেলা পরিষদের পানি নিষ্কাশনের জন্য শিক্ষা প্রকৌশল অফিসরে পিছনের বাউন্ডারী হইতে শিল্পকলা পর্যন্ত ড্রেন নির্মান। | ১০০০০০০.০০ |
| ২। | (ক) অংশ-২ বর্ষাকালে উপজেলা পরিষদের পানি নিষ্কাশনের জন্য UNO কোয়ার্টার ও আবাসিক ভবন হতে শিক্ষা প্রকৌশল অফিসের পিছনের বাউন্ডারী পর্যন্ত ড্রেন নির্মান। (৬০০০০০.০০টাকা) (খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে অন্ধকার আচ্ছন্ন হওয়ায় এবং চুরি রোধ কল্পে আবাসিক এলাকায় লাইটিং ও সিসি ক্যামেরা স্থাপন।(২০০০০০.০০টাকা) (গ) উপজেলা পরিষদের পুকুরের সিড়ির উভয় পার্শ্বে ফেঞ্চিং স্থাপন।(২০০০০০.০০টাকা) | ১০০০০০০.০০ |
| ৩। | লক্ষীপুর গোরস্থানের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন এবং জানাযার ঘর নির্মান। | ৭০০০০০.০০ |
| **পিআইসির মাধ্যমে গৃহীত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল** | | |
| ১। | বাহাদুরপুর ইউনিয়নের বলরামপুর পাকা রাস্তা হইতে বলরামপুর জামে মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবি করন। | ২০০০০০.০০ |
| ২। | হাবাসপুর ইউনিয়নের চর আফরা দক্ষিনপাড়া গোরস্থানের সেড নির্মান। | ২০০০০০.০০ |
| ৩। | যশাই ইউনিয়নের পারভেল্লাবাড়ী ব্রীজ সংলগ্ন আনছার মন্ডলের বাড়ি হইতে মৃত ময়েন মৌরীর বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং দ্বারা সংস্কার। | ২০০০০০.০০ |
| ৪। | বাবুপাড়া হাজরাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বেঞ্চ সরবরাহ। | ২০০০০০.০০ |
| ৫। | মাছপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ার টেবিল সরবরাহ। | ২০০০০০.০০ |
| ৬। | মৌরাট ইউনিয়নের ধুলিয়াট পাকা রাস্তা হইতে সোহরাব মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন। | ২০০০০০.০০ |
| ৭। | পাট্টা ইউনিয়নের বয়রাট হোসেন ফকিরের বাড়ী হতে বেড়িবাঁধ পর্যন্ত রাস্তা সলিং করন। | ২০০০০০.০০ |
| ৮। | শরিষা ইউনিয়নের শরিষা বাজারের অভ্যন্তরে এইচবিবি দ্বারা পাকা করন। | ২০০০০০.০০ |
| ৯। | কলিমহর ইউনিয়নের হোসেনডাঙ্গা বাজার জামে মসজিদ উন্নয়ন। | ২০০০০০.০০ |
| ১০। | কসবামাজাইল ইউনিয়নের ভাতশালা দর্গাবাড়ী রাস্তা এইচবিবি করণ। | ২০০০০০.০০ |
| ১১। | পাট্টা ইউনিয়নের বিলচন্দ্রা গ্রামের ইসলামের দোকান হইতে কাদেরের বাড়ী পর্যন্ত ইটের সলিং দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ |
| ১২। | পাংশা উপজেলাধীন বিভিন্ন জনগুরুত্বপূর্ণ রাস্তায় জরাজীর্ণ কালভার্ট ও রাস্তা মেরামত। | ২০০০০০.০০ |
| ১৩। | আনুসাংগিক ব্যয় ০.৫০% | ৬২৮৯১.০০ |
| | **উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল সর্বমোট টাকা=** | ১,৩২,০০,৬৪১.০০ |

বিবিধ: উপজেলা পরিষদের উপদেষ্টা, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২, উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ উপস্থাপন করেন

১) দশ টাকা কেজি চাউল এর কার্ড বিতরণে ১ম থেকেই একটা অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। এ পকল্পটি ব্যর্থতায় পর্যবেশিত হচ্ছে। এ কার্ডগুলো যাচাই- বাছাই করে সঠিকভাবে যারা প্রাপ্য তাদের মাঝে বিতরণ করার জন্য তিনি অনুরোধ জানান।

২) অস্বচ্ছল গৃহহীন ব্যক্তিদের গৃহ নির্মানের ক্ষেত্রে তদন্তকরে প্রকৃত প্রাপ্য ব্যক্তিদের মাঝে বিতরণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩) পাংশা উপজেলার কিছু লোক আছে যারা জাল দলিল তৈরী করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

এ বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:- ১)আলোচনান্তে দশ টাকা কেজি চাউল এর কার্ড বিতরণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২) অসচ্ছল গৃহহীন ব্যক্তিদের গৃহ নির্মানের ক্ষেত্রে তদন্তকরে উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, ব্যবস্থা গ্রহণ করবেন।

৩) জাল দলিল তৈরীর বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার, পাংশা এবং অফিসার- ইন-চাজ পাংশা মডেল থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদ হাসান (ওদুদ))
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পাংশা, রাজবাড়ী।

স্মারক নং ০৫.৩০.৮২৭৩.০০২.১০০.২০- ৩২৮(৫০) তারিখঃ ১০/০৪/২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অবগতি ও কার্যার্থেঃ

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
০২। উপজেলা ..........................................কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।
০৩। চেয়ারম্যান, ......................................................ইউ,পি, পাংশা।

উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী।